

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৩০৩০(আগরতলা, ০৭।১২)
বিলোনীয়া, ০৭ ডিসেম্বর, ২০১৭

দক্ষিণ ত্রিপুরা জেলায় গ্রামীণ ক্রীড়া ও যুব উৎসবের প্রস্তুতি

দক্ষিণ ত্রিপুরা জেলায় গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা এবং যুব উৎসব সুন্দর ও সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে আজ বিলোনীয়া সার্কিট হাউজে দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি হিমাংশু রায়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত হয় গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতাকে সফল করার জন্য ব্লক এলাকার ভিলেজের চেয়ারম্যান ও পঞ্চায়েতের প্রধানদের নিয়ে আগামী ১৫ ডিসেম্বরের মধ্যেই ব্লকে সভা করে নির্দিষ্ট তারিখ স্থির করতে হবে। প্রথমদিকে ভিলেজ, পঞ্চায়েত, পুর পরিষদ ও নগর পঞ্চায়েতের ওয়ার্ডগুলিতে, এরপর ব্লক, পুর পরিষদ ও নগর পঞ্চায়েত ভিত্তিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এদিকে, ব্লক ভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে ১৯ ডিসেম্বর। জেলা ভিত্তিক যুব উৎসব হবে ২১ ডিসেম্বর বিলোনীয়ায়। যুব উৎসবে প্রতিযোগিতা বহির্ভূত সহ ১১টি বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। জেলা ভিত্তিক যুব উৎসবকে সুন্দর ও সুষ্ঠুভাবে সফল করে তোলার জন্য সভা থেকে জিলা পরিষদের সভাপতি হিমাংশু রায়কে চেয়ারম্যান ও যুব বিষয়ক ক্রীড়া দপ্তরের জেলা আধিকারিককে আহ্বায়ক করে একটি পরিচালনা কমিটি ও ১২টি উপ-কমিটি গঠন করা হয়।
